দামুড়হুদা হাউলী ইউনিয়ন বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০ টায় ডুগডুগী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে হাউলী ইউনিয়ন বিএনপির আয়োজনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইউসুফ আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী।

বিশেষ অতিথি ছিলেন ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, দামুড়হুদা উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক সোহেল রানা, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক রকিবুল হাসান তোতা, উপজেলা যুবদলের সদস্য হুমায়ূন কবির ডাবলু, মমিনুল ইসলাম, হাউলী ইউনিয়ন কৃষক দলের সভাপতি আব্দুল মমিন, সাধারণ সম্পাদক শমসের আলী, সাংগঠনিক সম্পাদক আমিরুল জোয়ার্দার, হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তরিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, হাউলী ইউনিয়ন যুবদলের অন্যতম নেতা আরিফুল ইসলাম আরিফ, হাউলী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসাইন বাবু, হাউলী ইউনিয়ন ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিকসহ হাউলী ইউনিয়নের প্রত্যেকটি ওয়ার্ড বিএনপির সভাপতি ও সাধারণ সম্পাদক উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান।

অনুষ্ঠান শেষে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে সারা বাংলাদেশের সকল শহীদ ও আহতদের উদ্দেশ্যে মহান রাব্বুল আলামীনের দরবারে উপস্থিত সকলে দুহাত তুলে দোয়া মোনাজাত করেন। দোয়ার অনুষ্ঠান পরিচালনা করেন হাউলী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে দুঃস্থদের মাঝে চাউল বিতরণ

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে গরিব, দুঃস্থ, অসহায় মানুষের মাঝে ১০ কেজি করে বিনামূল্যে চাউল বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার সকাল ৯ টার সময় দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে, পরিষদ চত্বরে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ভিজিএফ কর্মসূচির আওতায় বিনামূল্যে চাউল বিতরণ করা হয়।

আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে প্রতিটি গরিব অসহায় দুঃস্থ মানুষ যেন ভালোভাবে ঈদ উদযাপন করতে পারে সেজন্য সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে সরকারি বিনামূল্যে ২৬শ ১৬ জন অসহায় দুঃস্থদের মাঝে ১০ কেজি করে চাউল বিতরণের শুভ উদ্বোধন করেন হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন ও হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন। এসময় উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন, ইউপি সদস্য শহিদুল ইসলাম, আ: হান্নান পটু, শাহজামাল, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল হান্নান, আব্দুল্লাহ সেলিম, সাবিনা ইয়াসমিন, রওশনারা খাতুন, রহিমা খাতুনসহ ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে ভিজিএফের চাউল বিতরণ

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসেবে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে দরিদ্র অসহায় ও দূস্থ পরিবারের মাঝে সুন্দর ও সুষ্ঠ পরিবেশে ভিজিএফ এর ইউনিয়নের ৯টি ওয়ার্ডের ২ হাজার ৬শত ১৬ জন অসহায় ও দূস্থ পরিবারের মাঝে মাথাপিছু ১০কেজি

করে চাউল বিতরন করা হয়। আজ বৃহস্পতিবার সকাল ৯ টার দিকে পরিষদ চত্বরে চাউল বিতরণ করা হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ভিজিএফ এর কর্মসূচির আওতায় বিনামূল্যে দরিদ্র জনগোষ্ঠীকে এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এটি একটা মহতি উদ্যোগ।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন নিজে উপস্হিত থেকে চাউল বিতরনের উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন প্যানেল চেয়ারম্যান-২ শহিদুল ইসলাম,, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সচিব নাঈম হোসেন, শাহজামাল, আব্দুল হান্নান পটু, সেলিম উদ্দিনসহ সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

“বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে, আনব হাসি সবার ঘরে ” প্রতিপাদ্য নিয়ে সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।

আজ রবিবার সকাল ৯টার সময় দিবস টি উপলক্ষে হাউলী ইউনিয়ন পরিষদের আয়জনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দীন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন সচিব নাঈম হোসেন, ৫নং ইউপি সদস্য ও প্যানেল চেয়ারম্যান ২ মোঃ শহিদুল ইসলাম, ইউপি সদস্য শাহজামাল, আঃ হান্নান পটু, রিকাত আলী সহ ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাবৃন্দ সকল ইউপি ও সংরক্ষিত মহিলা সদস্য বৃন্দ, সকল গ্রাম পুলিশ সদস্য

বৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে আলোচনা করা হয়।

আলোচনা শেষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

দামুড়হুদা উপজেলার ৬নং হাউলী ইউনিয়ন পরিষদে শীতার্তদের মাঝে প্রধানমন্ত্রীর দেওয়া উপহার কম্বল বিতরণ করা হয়েছে। আজ বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা উপস্থিত থেকে ইউনিয়ন বাসীর মাঝে ১৩৫ টি কম্বল বিতরণ করা হয়।

দেশব্যাপী চলছে প্রচন্ড শীত, আর এই শীতে প্রকৃত গরিব অসহায় ও ছিন্নমূল শীতার্ত মানুষের পাশে দাঁড়াতে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে কম্বল বিতরণ করা হচ্ছে প্রতিটা ইউনিয়ন পরিষদে। এছাড়াও দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের মাধ্যমেও দেশব্যাপী কম্বল বিতরণ করা হচ্ছে। তারই ধারাবাহিকতাই আজ হাউলী ইউনিয়ন পরিষদে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার ১৩৫ টি কম্বল হাউলী ইউনিয়ন বাসীর মাঝে বিতরণ করা হয়।

কম্বল বিতরণে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। এসময় আরও উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, ইউপি সচিব নাঈম উদ্দিন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সদস্য শহিদুল ইসলাম, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, সেলিম উদ্দিন, শাহাজামাল,সাবিনা ইয়াসমিন সহ সকল ইউপি সদস্য ও উপকার ভূগীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ঈগল মার্কার নির্বাচনী অফিস উদ্বোধন

৭ জানুয়ারী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী নূর হাকিমের (ঈগল মার্কা) নির্বাচনী প্রচারণার হাউলী ইউনিয়ন অফিসের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার বেলা ৫ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাঁঠালতলা নামক স্থানে ঈগল মার্কার নির্বাচনী অফিসের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী জাতীয় দৈনিক সকালের সময় পত্রিকার সম্পাদক ও প্রকাশক এবং বাংলাদেশ সংসদপত্র পরিষদের মহাসচিব (বিএসপি) নূর হাকিম।

এসময় নূর হাকিম বলেন, নির্বাচনে সকল ক্ষমতা জনগণের হাতে থাকে। তাই আপনারা যদি আমার ঈগল মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করেন তাহলে আমি এই অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করব ইনশাল্লাহ। আমি আপনাদের কথা দিচ্ছি চুয়াডাঙ্গা ২ আসন অর্থাৎ দামুড়হুদা উপজেলা, জীবননগর উপজেলা ও গড়াইটুপি ইউনিয়ন, তিতুদহ ইউনিয়ন, বেগমপুর ইউনিয়ন, নেহালপুর ইউনিয়নকে আমি ডিজিটাল করে দেবো। এখানকার সমস্ত জনগণের জন্য আমি নিজ উদ্যোগে ইন্টারনেটের আওতায় আনবো এবং সকলে ফ্রী ওয়াইফাই ব্যাবহার করবে। দেশ যখন ডিজিটাল তখন সেবাও হবে ডিজিটাল। গরীব ও মেধাবী শিক্ষার্থীদের সমস্তরকমের সুযোগ সুবিধার পাশাপাশি চুয়াডাঙ্গা ২ আসনকে উন্নয়নের রোল মডেলে পরিনত করবো। গ্রামাঞ্চলের রাস্তা ঘাট ব্রীজ কার্লভাট সব কিছু জনগণের উন্নয়নে কাজ করা হবে। আপনারা কেউ ভোট নিয়ে হানাহানি করবেননা। সব সময় পুলিশ আনসার সেনাবাহিনী সহ আইনশৃঙ্খলা বাহিনী আপনাদের পাশে আছে। জননেত্রী শেখ হাসিনা চান অংশগ্রহণমূলক নির্বাচন। এবারের জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু এবং নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে। কারোর ভোট কেউ দিতে পারবে না। তাই আপনারা ৭ জানুয়ারী সকাল সকাল ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে আমার ঈগল মার্কায় ভোট দেওয়ার আহবান জানাচ্ছি।

এসময় উপস্থিত ছিলেন স্বতন্ত্র এমপি প্রার্থী নূর হাকিমের ঈগল মার্কার হাউলী ইউনিয়ন নির্বাচনী কমিটির প্রধান উপদেষ্টা সহ

নির্বাচনী কমিটির সদস্য বৃন্দ, স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মী বৃন্দ সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে ট্রাক মার্কার নির্বাচনী অফিস উদ্বোধন

৭ জানুয়ারী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী হাসেম রেজার (ট্রাক মার্কা) নির্বাচনী প্রচারণার হাউলী ইউনিয়ন অফিসের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার রাত ৮ টার দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাঁঠালতলা নামক স্থানে ট্রাক মার্কার নির্বাচনী অফিসের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ২ আসনের স্বতন্ত্র এমপি প্রার্থী হাসেম রেজা।

এসময় প্রধান অতিথির বক্তব্যে হাসেম রেজা বলেন, সকল ক্ষমতা জনগণের হাতে। তাই আপনারা যদি আমার ট্রাক মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করেন তাহলে আমি এই অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করব ইনশাল্লাহ। নির্বাচনের মাঠে আমার কোন নেতা কর্মীর গায়ে যদি কেউ হাত দেয় তাহলে সাথে সাথে তাকে প্রতিহত করা হবে। কোন সহিংসতা হলে আপনারা সাথে সাথে ৯৯৯ এ ফোন দেবেন। সব সময় পুলিশ আনসার সেনাবাহিনী আপনাদের পাশে আছে। জননেত্রী শেখ হাসিনা চান অংশগ্রহণমূলক নির্বাচন। এবারের জাতীয় সংসদ নির্বাচন অত্যন্ত সুষ্ঠু এবং নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হবে। কারোর ভোট কেউ দিতে পারবে না। তাই আপনারা ৭ জানুয়ারী সকাল সকাল ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে আমার ট্রাক মার্কায় ভোট দেয়ার উদার্ত আহবান জানাচ্ছি।

চুয়াডাঙ্গা-২ আসনে সরেজমিনে বিভিন্ন গ্রাম ও শহর ঘুরে সাধারণ ভোটারদের সাথে কথা বলে জানাগেছে, বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটির সদস্য, জাতীয় দৈনিক

আমার সংবাদ ও ডেইলি পোস্ট পত্রিকার সম্পাদক ও প্রকাশক আবু হাশেম রেজা ওরফে হাশেম রেজা (ট্রাক মার্কা) সাধারণ ভোটারদের মাঝে ব্যাপক সারা ফেলেছেন। বিভিন্ন মিছিল মিটিং থেকে শুরু করে পথসভায় উপচে পড়া মানুষের ঢল দেখলে সহজেই বোঝা যায় চুয়াডাঙ্গা-২ আসনের মানুষ পরিবর্তনের পক্ষে ছুটে চলেছে। তারা দীর্ঘদিন মাঠে থাকা স্বতন্ত্র এমপি প্রার্থী হাশেম রেজার পক্ষে তাদের রায় দিতে পারেন। প্রতীক বরাদ্দের পর থেকে হাশেম রেজা একের পর এক চমক দেখিয়ে চলেছেন। তিনি বিপুল ভোটে জয়লাভ করবেন বলে সাধারন ভোটারা আশাবাদী।

স্বতন্ত্র এমপি প্রার্থী হাসেম রেজার ট্রাক মার্কার হাউলী ইউনিয়ন নির্বাচনী কমিটির প্রধান উপদেষ্টা রেজাউল করিম এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সহিদুল ইসলাম, এ্যাড: আবু তালেব, হাউলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি মো: হাসেম আলী, যুবলীগ নেতা আলাউদ্দিন, মালেক ভূঁইয়া, ইউনিয়ন যুবলীগ নেতা আনারুল ইসলাম সহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্র লীগের হাজার হাজার নেতাকর্মী বৃন্দ সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে টিসিবির পণ্য বিতরণ

দামুড়হুদা হাউলী ইউনিয়নে টিসিবির পণ্য বিতরণ করা হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ৮টা থেকে পণ্য বিতরণ শুরু হয়। টিসিবির পণ্য বিতরণের শুভ উদ্বোধন করেন হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন। সবাই ঠিক ঠাক মতো কার্ড হাতে পেলেও টাকার অভাবে অনেকই তুলতে পারেনি পণ্য। কমপক্ষে ২ দিন আগে কার্ড দেওয়ার দাবি করেছে টিসিবির সেবা গ্রহীতারা।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে প্রতিমাসের মতো এবারো মোট ২২০৬ জন টিসিবির কর্ডধারীর মাঝে কার্ড বিতরণ করা হয়েছে। সবাই ঠিক ঠাক

মতো কার্ড হাতে পেলেও অনেকই টাকার অভাবে টিসিবির পণ্য উত্তলন করতে পারেনি। টিসিবির কার্ড ধারী বেশ কয়েকজন সেবা গ্রহীতারা বলেন, আমরা তো গরিব মানুষ বলেই জননেত্রী শেখ হাসিনা’র মহৎ উদ্যোগে আমাদেরকে কার্ড দেওয়া হয়েছে। রাত্রে কার্ড হাতে পাচ্ছি, আর সকালে টিসিবির পণ্য তুলতে হচ্ছে। অন্তত কমপক্ষে দুই দিন আগে টিসিবির কার্ড আমাদের হাতে দেয়ার দাবি জানাচ্ছি। নিত্য প্রয়োজনীয় উর্ধগতির বর্তমান বাজারে আমরা এমনিতেই খুব কষ্টে আছি, আমাদের ঘরে কোন টাকা গচ্ছিত থাকেনা। আমরা দিন আনি দিন খাই, তাই টিসিবির পণ্য বিতরণের কমপক্ষে দুই দিন আগে যদি টিসিবির কার্ড আমরা হাতে পায় তাহলে খুব ভালো হতো। আগে থেকে কার্ড হাতে না পেলে আমাদের এই পণ্য তুলতে খুবই কষ্ট হয়। অনেক সময় নিজেরা টাকার অভাবে পণ্য তুলতে পারি না, তখন প্রতিবেশীদের সেই কার্ড দিয়ে দিতে হয়। দিনশেষে অনেকেই পণ্য উত্তোলন করতে পারেনি, ফলে সেসব পণ্য রয়েই গেছে। তাই প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা’র মহতী উদ্যোগকে সফল করতে অন্তত কমপক্ষে ২ দিন আগে টিসিবির কার্ড, সেবা গ্রহীতাদের হাতে তুলে দেওয়া দরকার। না হলে এই মহতী উদ্যোগ ব্যাহত হতে পারে বলে মনে করেন সচেতন মহল।

এবিষয়ে হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন বলেন, টিসিবির পণ্য যেনো সবাই উত্তোলন করতে পারে এটাই আমাদের কাম্য। আগামী বার যখন টিসিবির পণ্য বিতরণ করা হবে তখন কমপক্ষে দুই দিন আগে টিসিবির সেবা গ্রহীতাদের কাছে কার্ড পৌঁছে দেওয়া হবে। কারো কোন অসুবিধা হোক এটা আমরা কোন সময় চাই না। আমরা চাই জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র এই মহতী উদ্যোগ যেন কোনভাবেই বিনষ্ট না হয়।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে স্থানীয় সরকার দিবস উপলক্ষে

র্যালি ও আলোচনা সভা

সেবা ও উন্নতির দক্ষ রুপকার, উন্নয়নে উদ্ভাবনে স্থানীয় সরকার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা ১২ টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদ চত্বরে র্যালি ও পরিষদের সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সচিব নাঈম উদ্দিন, ইউপি সদস্য শহিদুল ইসলাম, রিকাত আলী, আব্দুল হান্নান পটু, শাহজামাল, সেলিম উদ্দিন সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সেবা গ্রহীতারা উপস্থিত ছিলেন।

এসময় হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগে বাংলাদেশে এই প্রথম স্থানীয় সরকার দিবস পালিত হচ্ছে। ইউনিয়ন পরিষদে নিরবিচ্ছিন্ন ভাবে সাধারণ জনগণকে সেবা প্রদান করা হচ্ছে। ১৭,১৮,১৯ তারিখ এই তিন দিন স্থানীয় সরকার উন্নয়ন মেলা উপজেলা চত্বরে অনুষ্ঠিত হচ্ছে, সেখানে আমাদের হাউলী ইউনিয়ন পরিষদের স্টল রয়েছে। ওই স্টলেও নিরবিচ্ছিন্ন হবে সেবা প্রদান করা হচ্ছে।

দামুড়হুদায় হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের মতবিনিময় সভা

অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বেলা সাড়ে ৫ টার দিকে ওয়ার্ড আওয়ামী লীগের আয়োজনে ডুগডুগি বাজারে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়ন ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মো: আকবার বিশ্বাস এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মো আলী আহাম্মেদ সোনা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি সিরাজুল ইসলাম, ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আদিল হোসেন, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আসাদুজ্জামান সেলিম, সহ-সভাপতি আনন্দ ঘোষ, যুগ্ম সাধারণ সম্পাদক মিন্টু হোসেন নেদু, সাংগঠনিক সম্পাদক সবুজ হোসেন, আওয়ামী লীগ নেতা বাবলু মিয়া, এসময় আরও উপস্থিত ছিলেন, ৯ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুর রহমান, সাধারণ সম্পাদক ইয়াসিন আলী খোকন, ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শাজাহান আলী, হাউলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি হাসেম আলী, যুবলীগ নেতা জহুরুল ইসলাম ফকির, হাউলী ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান, প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতা, যুবলীগ নেতা শরিফ, ওয়াসিম ঘোষ, হাউলী ইউপি সদস্য আব্দুল হান্নান পটু, শহিদুল ইসলাম, রিকাত আলী, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ সহ স্থানীয় আওয়ামী লীগ যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মিন্টু হোসেন নেদু’র সার্বিক তত্বাবধানে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন ছাত্র লীগের যুগ্ম আহবায়ক রায়হানুল ইসলাম।